20

দৈনিক বাংলা

তারিখ ... 16 NOV 1994 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

# মাধ্যমিক পর্যায়ে বাংলার পাশাপাশি ইংরেজী মাধ্যম চালু হচ্ছে

মিডিয়া সিন্ডিকেট ঃ সরকার ষষ্ঠ থেকে দশম শ্রেণীতে এবং পরবর্তী শিক্ষা-বর্ষ থেকে উচ্চ মাধ্যমিক ক্লাসে ঐচ্ছিক ভিত্তিতে ইংরেজী মিডিয়ামে লেখাপড়া চালু করতে যাচ্ছে। শিক্ষার মাধ্যম হিসাবে বাংলার প্রচলন অক্ষুণ্ণ থাকবে। আগামী বছর থেকে এই ব্যবস্থা চালু হবে। শিক্ষা মন্ত্রণালয়ের সাম্প্রতিক উচ্চ পর্যায়ের এক সভায় এ সিদ্ধান্ত হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানায়।

সূত্র মতে, ন্যাশনাল কারিকুলাম ও টেকস্ট বুক বোর্ড (এনসিটিবি) আগামী বছর থেকে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর জন্য

(৪-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## মাধ্যমিক পর্যায়ে বাংলার

(প্রথম পৃষ্ঠার পর)

বাংলার পাশাপাশি ইংরেজীতে পুস্তক অনুবাদ ও প্রণয়নের ব্যবস্থা করবে। শিক্ষা সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় অন্যান্যের মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান লতিফুর রহমান, মাধ্যমিক শিক্ষা অধিদফতরের পরিচালক ময়েজ-উদ্দীন, ঢাকা কলেজের অধ্যক্ষ আবদুস সাত্তার, সরকারী ল্যাবরেটরী স্কুলের প্রধান শিক্ষক মুহম্মদ জহিরুল হক, ভিকারুন্নেসা নুন স্কুলের অধ্যক্ষা হামিদা আলী এবং এনসিটিবির সদস্য (শিক্ষাক্রম) মুহাম্মদ আলী উপস্থিত ছিলেন। সরকার শিক্ষাকে কর্মমুখী এবং আন্তর্জাতিক মানে উন্নীত করার সর্বাত্মক চেষ্টা করছে। ইংরেজী ভাষায় ছাত্রদের দখল বাড়ানোর জন্য এ ব্যবস্থা নেয়া হচ্ছে বলে সূত্র জানায়।

সূত্র মতে, ১৯৯৬ সাল থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের পরীক্ষার্থীরা বাংলার পাশাপাশি ইংরেজী মিডিয়ামেও পরীক্ষা দিতে পারে। বোর্ড বাংলা-ইংরেজী উভয় মিডিয়ামের জন্যই প্রশ্নপত্র তৈরি করবে বলে সূত্র জানায়। সূত্র মতে, বাংলা ও ইংরেজী মিডিয়ামে পাঠদানের সুবিধার জন্য একই শ্রেণীর ছাত্রছাত্রীদের দুটি পৃথক সেকশনে ভাগ করারও সিদ্ধান্ত হয়েছে। প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ইংরেজী মাধ্যম প্রবর্তন, ইংলিশ মিডিয়াম স্কুল খোলার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের জন্য আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করা হতে পারে বলে সূত্র জানায়।

সূত্র মতে, ইংরেজী বিষয়ের শিক্ষক ও ইংরেজী ভাষায় পাঠদানে পারদর্শী শিক্ষকের অভাব পূরণেরও সিদ্ধান্ত হয়েছে। ইংরেজী মাধ্যমে ডিগ্রীপ্রাপ্ত শিক্ষাদানে অভ্যস্ত অবসরপ্রাপ্ত কর্মঠ শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তাদের প্রচলিত বেতনভাতাসহ ৬৫ বছর পর্যন্ত স্কুল-কলেজে ইংরেজীর মাধ্যমে পাঠদানে নিয়োগ করার জন্য সরকারী অনুমোদন দেয়া হবে।